



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

Website: www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

১৬ এপ্রিল ২০২৬

তারিখ: _____

০৩ বৈশাখ ১৪৩৩

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

সরকারি বন্ড (Treasury Bond)-কে জামানত রেখে ঋণ প্রদান প্রসঙ্গে।

ঋণ/লিজ শ্রেণিকরণ এবং সংস্থান সংরক্ষণ প্রসঙ্গে জারিকৃত ডিএফআইএম সার্কুলার নং-০৪, তারিখ: ২৬ জুলাই ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের ৩.৮ নং অনুচ্ছেদ অনুযায়ী ফাইন্যান্স কোম্পানিতে লিয়েনকৃত সরকারী বন্ড যোগ্য জামানত হিসেবে অন্তর্ভুক্ত রয়েছে। এক্ষেত্রে, ট্রেজারি বন্ড জামানত হিসেবে রেখে ঋণ বিতরণের ক্ষেত্রে ফাইন্যান্স কোম্পানিসমূহ কর্তৃক নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণীয় হবে:

ক) ট্রেজারি বন্ডের বিপরীতে গ্রাহকদের স্বল্প/দীর্ঘ মেয়াদী ঋণসুবিধা প্রদান করার পূর্বে ফাইন্যান্স কোম্পানি কর্তৃক Financial Market Infrastructure (FMI) সিস্টেমে গ্রাহকদের ট্রেজারি বন্ডকে লিয়েন মার্ক করতে হবে;

খ) বন্ডের অভিহিত মূল্যের (Face Value) সর্বোচ্চ ৭৫% পর্যন্ত ঋণ সুবিধা প্রদান করা যাবে। তবে সুদারোপের কারণে ঋণের স্থিতি বন্ডের অভিহিত মূল্যকে কোনক্রমেই অতিক্রম করতে পারবে না;

গ) ঋণের মেয়াদ কোনোভাবেই বন্ডের মেয়াদের বেশি হবে না; এবং

ঘ) বন্ড ক্রয়ের উদ্দেশ্যে ফাইন্যান্স কোম্পানি কর্তৃক কোনো ঋণ প্রদান করা যাবে না।

৩। ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(হাসান তারেক খান)

পরিচালক (ডিএফআইএম)

ফোন: ৯৫৩০১৭৮।